

## 💵 সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৭১৭

৮/ সাওম (রোজা) (্রুড্রি الله عن رسول الله পরিচ্ছেদঃ সায়িমের অনিচ্ছাকৃত বমি।

# باب مَا جَاءَ فِي الصَّائِم يَذْرَعُهُ الْقَيْءُ

#### আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بِن عَبَيْدٍ الْمُحَارِبِيُّ، حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بِن ُ زَيْدِ بِنِ أَسْلَمَ، عَنْ أَبِيهِ، عَنْ عَلَاتٍ مَنْ أَبِي سَعِيدِ الْخُدْرِيِّ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " عَلاَتٌ لاَ يُفْطِرْنَ الصَّائِمَ الْحِجَامَةُ وَالْقَيْءُ وَالإِحْتِلاَمُ " . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ حَدِيثُ غَيْرُ مَحْفُوظٍ . وَقَدْ رَوَى عَبْدُ اللَّهِ بْنُ زَيْدِ بْنِ أَسْلَمَ وَعَبْدُ الْعَزِيزِ بْنُ مُحْمَّدٍ وَغَيْرُ وَاحِدٍ هَذَا الْحَدِيثَ عَنْ زَيْدِ بْنِ أَسْلَمَ مُرْسَلاً . وَلَمْ يَدْكُرُوا فِيهِ عَنْ أَبِي سَعِيدِ مُحَمَّدٍ وَغَيْرُ وَاحِدٍ هَذَا الْحَديثَ عَنْ زَيْدِ بْنِ أَسْلَمَ يُضَعَّفُ فِي الْحَديثِ . قَالَ سَمِعْتُ أَبَا دَاوُدَ سَعِيدً . وَعَبْدُ الرَّحْمَنِ بْنُ زَيْدِ بْنِ أَسْلَمَ يُضَعَّفُ فِي الْحَديثِ . قَالَ سَمِعْتُ أَبَا دَاوُدَ السِّجْذِيَّ يَقُولُ سَأَلْتُ أَحْمَدَ بْنَ حَنْبَلِ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنُ زَيْدِ بْنِ أَسْلَمَ فَقَالَ أَجُوهُ السِّجْذِيَّ يَقُولُ سَأَلْتُ أَحْمَدَ بْنَ حَنْبَلِ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنُ زَيْدِ بْنِ أَسْلَمَ فَقَالَ أَجُوهُ عَبْدُ اللَّهِ بْنُ زَيْدِ بْنِ أَسْلَمَ فَقَالَ أَخُوهُ عَبْدُ اللَّهِ بْنُ زَيْدِ بْنِ أَسْلَمَ فَقَالَ أَحْمَدُ اللَّهِ الْمُدينِيِ عَبْدُ اللَّهِ بْنُ زَيْدِ بْنِ أَسْلَمَ فِقَالَ أَدْوي وَعَيْدُ اللَّهِ الْمُدينِي قَالَ مُحَمَّدًا يَذْكُرُ عَنْ عَلِي بْنِ عَبْدِ اللَّهِ الْمَدينِي قَالَ مُحَمَّدًا وَلَا وَسَمِعْتُ مُحَمَّدًا يَذْكُرُ عَنْ عَلِي بْنِ عَبْدِ اللَّهِ الْمُدينِي وَلَا أَرْوِي عَنْهُ شَيْئًا .

#### বাংলা

৭১৭. মুহাম্মাদ ইবনু উবায়দ মুহারিবী (রহঃ) .... আবূ সাঈদ খুদরী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেনঃ তিনটি বিষয় সায়িমের সাওম ভঙ্গ হয় না। (১) সিঙ্গা লাগান (২) বমি এবং (৩) স্বপ্নদোষ। - তাখরীজ হাকিকাতুস সিয়াম ২১-২২, যইফ আবু দাউদ ৪০৯, তিরমিজী হাদিস নম্বরঃ ৭১৯ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, আবূ সাঈদ খুদরী (রাঃ) থেকে বর্ণিত এই রিওয়ায়াতটি নির্ভরযোগ্য নয়। আবদুল্লাহ ইবনু যায়িদ ইবনু আসলাম, আবদুল আযীয ইবনু মুহাম্মাদ প্রমূখ এই হাদিসটিকে যায়িদ ইবনু আসলাম (রহঃ) থেকে মুরসালরূপে বর্ণনা করেছেন। এতে তারা আবূ সাঈদ খুদরী (রাঃ) এর উল্লেখ করেননি। আবদুর রহমান ইবনু যায়িদ ইবনু আসলাম হাদিস বর্ণনায় যইফ। আবূ দাউদ সিজাযী (রহঃ) কে বলতে শুনেছি, আমি ইমাম



আহমাদ ইবনু হাম্বাল (রহঃ) কে আবদুর রহমান ইবনু যায়িদ ইবনু আসলাম সম্পর্কে জিজ্ঞাসা করলে, তিনি বললেন, তার ভাই আবদুল্লাহ ইবনু যায়িদ সম্বন্ধে কোন দোষ নাই। মুহাম্মাদ (বুখারী) (রহঃ) কে আলী ইবনু আবদুল্লাহ থেকে বর্ণনা করতে শুনেছি যে তিনি বলেছেন, আবদুল্লাহ ইবনু যায়িদ ইবনু আসলাম হলেন নির্ভরযোগ্য। আর আবদুর রহমান ইবনু যায়িদ ইবনু আসলাম হলেন যইফ। মুহাম্মাদ (রহঃ) বলেন, আমি তার থেকে কি কিছুই রিওয়ায়াত করব না।

### **English**

Abu Sa'eed Al-Khudri narrated that:

the Messenger of Allah said: "Three things do not break the fast of the fasting person: Cupping, vomiting, and the wet dream."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবু সা'ঈদ খুদরী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন